

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৪৪

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১৩) রাতে কিছু সময় কিয়ামুল্লাইল না করে সকাল পর্যন্ত ঘুমিয়ে থাকার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من نوم الإنسان إلى الصباح وترك قيام شيء من الليل

আরবী

(صحيح) عن ابن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ قال: ذكر عند النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ بَالَ الشَّيْطَانُ فِي أُذُنَيْهِ أَوْ قَالَ فِي أُذُنِهِ. رواه البخاري ومسلم والنسائي وابن ماجه

বাংলা

৬৪৪. (সহীহ্) ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর কাছে এমন এক ব্যক্তির কথা উল্লেখ করা হল, যে সারা রাত ঘুমিয়ে সকাল করেছে।[1] তিনি বললেন, এটা এমন লোক শয়তান যার দু'কানে পেশাব করেছে। অথবা বলেছেন, তার কানে পেশাব করেছে।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ১১৪৪, মুসলিম ৭৭৪, নাসাঈ ৩/২০৪ ও ইবনে মাজাহ্ ১৩৩০, আহমাদ ১/৪২৭)

ইবনে মাজাহ বলেনঃ ''তার দু'কানে''। তিনি লিবচন শব্দ ব্যবহার করেছেন। তিনি 'অথবা' উল্লেখ করেননি।

ফুটনোট

[1] . অর্থাৎ এমনকি সে ফজরের নামাযও পড়েনি। কেননা বুখারীর আরেক বর্ণনায় বলা হয়েছেঃ "নামাযের জন্য উঠেনি"।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন